

কালিয়াকৈর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ (ইউসিসিএ লিঃ)

কালিয়াকৈর, গাজীপুর।

স্মারক নং: ৪৭.৬২.৩৩.৩২.৮১৩.১১.২০৪.১৯.২০

তারিখ: ২৪ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
০৮ জানুয়ারী ২০২০ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

কালিয়াকৈর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ (ইউসিসিএ লিঃ) এ নিম্নবর্ণিত পদে নিয়োগের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র/নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	পরিদর্শক (১০২০০-২৪৬৮০) স্কেড-১৪	০১ (এক)	ক) ন্যূনতম এইচএসসি/সমমান পাশ।

- ০১। আবেদনকারীকে বাংলায় নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, নিজ জেলা, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ ও ০১/০১/২০২০ খ্রিঃ তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, ধর্ম ও অভিজ্ঞতা (যদি থাকে), মোবাইল নম্বর, জাতীয় পরিচয় পত্রের নম্বর/জন্ম নিবন্ধন সনদের নম্বর ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করিতে হইবে।
- ০২। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি (যদি থাকে), ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত), নাগরিকত্ব সনদ (চেয়ারম্যান/মেয়র কর্তৃক), মুক্তিযোদ্ধা ও অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রদত্ত সনদের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হবে।
- ০৩। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- ০৪। ০১/০১/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ এবং সর্বেচ্ছ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার, পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য হবে না।
- ০৫। সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে কালিয়াকৈর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ (ইউসিসিএ লিঃ) এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের অফেরতযোগ্য পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করিতে হবে।
- ০৬। মটর সাইকেল চালনায় পারদর্শীকে অপ্রার্থীকার দেয়া হবে।
- ০৭। নিয়োগের ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন/বিভাগীয় প্রার্থী এবং গাজীপুর জেলার স্থায়ী বাসিন্দাদেরকে অপ্রার্থীকার দেওয়া হবে।
- ০৮। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদটি বদলীযোগ্য নয়।
- ০৯। নিয়োগকৃত কর্মচারী বিআরডিবি'র কর্মচারী হিসেবে ভবিষ্যতে রাজস্ব বাজেটভুক্ত কিংবা বিআরডিবি'র চাকরীর জন্য বা অপ্রার্থীকার প্রাপ্ত মর্মে গণ্য হবেন না।
- ১০। নিয়োগকৃত কর্মচারী সংশ্লিষ্ট ইউসিসিএ'র কর্মচারী হিসেবে গণ্য হবেন এবং ইউসিসিএ লিঃ এর বিনিয়োগকৃত ঋণের অর্জিত সেবামূল্যের আয় থেকে বেতন ভাতাদি সংকুলান সাপেক্ষে পরিদর্শকের বেতন ভাতাদিসহ আনুসঙ্গিক ব্যয় নির্বাহ করা হবে।
- ১১। আগ্রহী প্রার্থীদেরকে আবেদন পত্র আগামী ০২/০২/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সদস্য সচিব, নিয়োগ কমিটি, কালিয়াকৈর, গাজীপুর এর বরাবরে দাখিল করিতে হবে। উক্ত তারিখের পরে প্রাপ্ত/ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১২। আবেদন পত্র বাছাইয়ের পর কেবল মাত্র উপযুক্ত বিবেচিত প্রার্থীদেরকে লিখিত/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- ১৩। নিয়োগ প্রক্রিয়ায় অংশ গ্রহণের জন্য কোন টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না।
- ১৪। কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত বিজ্ঞপ্তির শূন্য পদের নিয়োগ বাতিল/প্রত্যাহার/স্থগিত করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৫। নিয়োগের সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

পত্রিকার নাম: দৈনিক আজকের জমতা।

প্রকাশের তারিখ: ০২/০২/২০২০

০৮/০১/২০২০

মোঃ আব্দুল সাত্তার
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

ও

সদস্য সচিব, নিয়োগ কমিটি
কালিয়াকৈর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ